

**অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন**

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

মাসের নাম : অক্টোবর/২০২১

| বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা |                  |                       | পূর্ববর্তী মাসের জের | মোট অভিযোগ (১+২+৩+৪) | অন্য দপ্তরে প্রেরিত | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ  | চলমান অভিযোগ                    |                                  | অভিযোগ নিষ্পত্তির হার (নিষ্পত্তিকৃত X ১০০% (মোট নিষ্পত্তিযোগ্য অভিযোগ)) |
|--------------------------------------|------------------|-----------------------|----------------------|----------------------|---------------------|---|---------------------------------|----------------------------------|---|
| ওয়েব সাইটের মাধ্যমে                 | প্রচলিত পদ্ধতিতে | স্বপ্রণোদিতভাবে গৃহীত |                      |                      |                     |   | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে |   |
| ১                                    | ২                | ৩                     | ৪                    | ৫                    | ৬                   | ৭   | ৮                               | ৯                                | ১০  |
| ১২টি                                 |                  |                       |                      | ১২টি                 | -                   | <p><b>১. (ID- 10631)</b></p> <p>রাউজান কাগতিয়া বাজার ব্রিজ টির মাঝখানে ফোটা হয়ে গেছে যে কোন মুহূর্তে দুর্ঘটনা ঘটান সম্ভাবনা ট্রাক বা ভারি কোন যানবাহন গেলে খেবে পানিতে পড়ে যাবার সম্ভাবনা তাই এ ব্রিজ টি র কাজ রিভিউ করে হয়তো পুনরায় নতুন করে করতে হবে। অথবা এমনভাবে রিপায়ার করুন যেন কোন দুর্ঘটনাই পড়তে না হয়। এ ব্যাপারে সরকারি সহযোগিতা কামনা করছি। এবং কাগতিয়া বাজার উত্তর কুলে ব্রিজ হতে নামার টার্নিং পয়েন্টে একটি জামে মসজিদ স্থাপন করার জন্য অনেক আগে আবেদন করেছিলাম এখনো কাজ শুরু হয়নি। বিনাজুরী নবীন উচ্চ বিদ্যালয়ের মুসলিম শিক্ষক ছাত্র ছাত্রীরা এবং ব্যাংক কর্তৃপক্ষ সহ বাজারে আসা সকল মুসলিম ভাইরা নামাজের সময় সুন্দর ভাবে নামাজ আদায় করতে পারেন সেজন্য আগামী শীতকালীন মৌসুমের ভেতর এ জামে মসজিদ টি নির্মাণ করে মুসলিম জনগণকে উপহার দেওয়া র জন্য বিশেষ ভাবে অনুরোধ জানাচ্ছি। স্কুলের মার্কেট সংলগ্ন বা ব্রিজ হতে নামার টার্নিং পয়েন্টে এ স্কুল মাঠের দক্ষিণ পাশের যে জায়গায় রোড সংলগ্ন আছে সেখানে করলে সবাই অনায়াসে নামাজ আদায় করতে পারবেন। স্কুলের ভেতর করলে বিভিন্ন সমস্যা ই বাজারে আসা লোক বা ব্যাংকিং লোক নামাজ আদায়ে প্রতিবন্ধকতা পাবেন তাই ঐ টার্নিং পয়েন্টে সবার জন্য সুন্দর মার্জিত স্থান হবে তাই এ জায়গায় অভিসত্তর আমাদের সরকার দ্রুত পদক্ষেপ নিয়ে টাইলস সহকারে টয়লেট সহ ওযুখানা সহ পানি র সুব্যবস্থা রেখে তৈয়ার করার আহ্বান জানাচ্ছি।</p> <p><b>জবাব:</b></p> <p>আপনার অভিযোগের জন্য ধন্যবাদ। অভিযোগের বিষয়টি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সাথে সম্পর্কিত নয়। অনুগ্রহ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তরের সাথে যোগাযোগের অনুরোধ করা হলো।</p> <p><b>২. (ID- 10651)</b></p> <p>গত দুই বছর থেকেই কুড়িগ্রাম বিআরটিএ তে অনলাইনে লার্নার আবেদন করার চেষ্টা করছি, কিন্তু দুই বছর ধরে "এক্সাম ডেট নট ফাউন্ড" ট্রাই এগেইন লেটার দেখাচ্ছে, আর সশরীরে বিআরটিএ অফিসে আবেদন করতে গেলে, লার্নার করতেই আড়াইহাজার এবং সব মিলিয়ে প্রায় ১০ হাজার টাকা দিতে হয়। যেটা সরকারি ফি এর প্রায় তিন গুণ। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছি।</p> <p><b>জবাব:</b></p> <p>লার্নার আবেদন সশরীরে বিআরটিএ অফিসে গিয়ে করতে হয় অভিযোগটি সত্যি নয়। "এক্সাম ডেট নট ফাউন্ড" এর মানে হচ্ছে পরীক্ষার তারিখ ফিলাপ হয়ে গেছে। অন্য তারিখ সিস্টেমে আপ করার পরেই আপনি অনলাইনে লার্নার আবেদন করতে পারবেন।</p> |                                 |                                  | ১০০%  |

|  |  |  |  |  |  |  |  |
|--|--|--|--|--|--|--|--|
|  |  |  |  |  | <p>৩. (ID- 10678)<br/> <b>asslmaolykom</b> তথ্য protimন্ত্রী যে কথা আজকের (wednesday last) bd pradin পত্রিকায় বলেছিলেন তা কিন্তু কোন আন্তরিক কথা নয়। কানাডা বা আমেরিকা তে ডিস এন্টিনা টাকা দিয়ে দেখলেও ঐখানকার হিসাব এখানে করতে পারবেন না। সাধারণ জনগণে আর মধ্যে বিত্ত পরিবার বর্গদের ব্যাপারে। হ্যাঁ কানাডার মতো নিয়ম করতে পারবেন শুধু মাত্র হোটেল এবং বড় বড় টাকা ওয়ালা দেব বাসায়। যাদের কোটি কোটি টাকা আছে তাদের কে এ কানাডার নিয়ম করতে পারবেন। কিন্তু সাধারণ জনগণের কাছে এ ভাবে সিস্টেম করতে পারবেন না। তিনশো টাকা তে বরাবর 100 টি চ্যানেল যথাযথ দেখার অনুমতি সরকার পক্ষ হতে অবশ্যই দিতে হবেই।</p> <p>এতে সরকার লাভবান ছিলেন। ভবিষ্যতে থাকবে। তবে টাকা ওয়ালা মন্ত্রী রা যদি নিয়ম করার নামে মধ্যে বিত্ত পরিবারদের সমস্যা ঘটায় তাহলে সরকার বেশি দিন টিকবে না। মধ্যে বিত্ত পরিবার আমাদের দেশের মধ্যে বেশি ভাই যে কোন আইন প্রণয়ন করার আগে অবশ্যই কারো ক্ষতি মূলক আইন প্রণয়ন করলে মন্ত্রীদের ওপর ওমানের মতো কহর গণব অবতরণ হবে। তাই <b>be careful</b>. আমাদের তথ্য প্রতি মন্ত্রী যে ভাষণ বা আইন পাশ করার কথা ঘোষণা দিয়েছিলেন পত্রিকায় টিভি চ্যানেল এ তা যেন প্রত্যাখ্যান করে আগের মতো বরাবর করে সব চ্যানেল দেখার ব্যাপারে যে জটিলতা সৃষ্টি করতে চেয়েছেন তা যেন না করেন তার জন্য আহ্বান জানাচ্ছি যেন সে যেভাবে সাধারণ জনগণের ওপর চাপ সৃষ্টি করে আইন প্রণয়ন করতে চাচ্ছে তার প্রতিশোধ দ্রুত তার পরিবারের ভেতর দিয়ে শুরু করা হবে। তাই ভাষণটি উদ্ধার করে নরমেলা করে সব আইন সুন্দর মার্জিত পূর্ণ করার আহ্বান জানাচ্ছি।</p> <p>জবাব: আপনার অভিযোগের বিষয়টি এ বিভাগ সংশ্লিষ্ট নয়। অনুগ্রহ করে সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ করুন। আপনাকে ধন্যবাদ।</p> |  |  |
|  |  |  |  |  | <p>৪. (ID- 10679)<br/> <b>asslmaolykom wahrahmatollahy wabahkrkatoh chittagong</b> রাউজান এ এখনো কোন smart voter কার্ড কপি জনগণকে দেওয়া হচ্ছে nah তাই প্রত্যেক জনগণ যেনো তাদের Smart কার্ড গুলো যথা সময়ে পান, সেজন্য আমাদের সরকার সংশ্লিষ্ট সকলের সুদৃষ্টি কামনা করছি। কারণ ইতিমধ্যে চট্টগ্রামস্থ সিটি সহ অনেক থানায় 2000 সালের আগ পর্যন্ত যতো জন্ম তারিখ সম্বলিত ভোটার হয়েছেন তাদের প্রত্যেকের smart ভোটার কার্ড প্রদান করা হয়েছে। তাই আমাদের রাউজানে ও সকল ভোটার দেব smart কার্ড যেন যথা সময়ে আগামী কিছু দিনের মধ্যে তাদের স্ব স্ব স্থানে sms বা ইউনিয়ন পরিষদের তথ্যে র মাধ্যমে নিজ নিজ smart কার্ড পান সেজন্য বিশেষ ভাবে অনুরোধ জানাচ্ছি।</p> <p>জবাব: আপনাকে ধন্যবাদ। বিষয়টি এ বিভাগের সাথে সম্পর্কযুক্ত নয়। আপনাকে সংশ্লিষ্ট দপ্তরে আপনার মতামত/অভিযোগ জানাতে পারেন।</p>   |  |  |
|  |  |  |  |  | <p>৫. (ID- 10724)<br/>         রাজশাহী জেলার বানেশ্বর থেকে ঈশ্বরদী রূপপুর পর্যন্ত মহাসড়কের কাজ চলছে এই কাজ এ একটি জায়গা চারঘাট ফকির এর মোড় একটি খুব ভয়ংকর বীক, অনেক দুর্ঘটনা হয় কিন্তু যে কোন কারণে বীক এর কাজ ঠিক করে হচ্ছে না , এল সাইজ হচ্ছে অনেক দুর্ঘটনা হবে তাই বিষয়টি দেখার অনুরোধ করছি।</p> <p>জবাব:<br/>         জনাব আপনাকে ধন্যবাদ আপনার অভিযোগের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার বানেশ্বর থেকে ঈশ্বরদী পর্যন্ত মহাসড়কের চারঘাট ফকিরের মোড়ে বর্তমানে ডেন নির্মাণ কাজ চলমান রয়েছে, যা (ROW) এর শেষ প্রান্ত দিয়ে নির্মাণ করা হচ্ছে। সড়ক প্রশস্তকরণের সময়</p>   |  |  |

|  |  |  |  |   |  |  |
|--|--|--|--|---|--|--|
|  |  |  |  | <p>শুধুমাত্র বীকের ইনার (ভিতরের) পার্শ্বে প্রশস্তকরণ করে বীক যথাসম্ভব সরলীকরণ করা হবে। উল্লেখ্য যে, চলমান প্রকল্পে উক্ত চেইনেজে কোন ভূমি অধিগ্রহণ ধরা নেই। তবে উপরিউল্লিখিত বীকসহ এই রাস্তার অন্যান্য ঝুঁকিপূর্ণ বীক পরবর্তীতে ভূমি অধিগ্রহণ করে সরলীকরণ করা হবে।</p> <p><b>৬. (ID- 10726)</b><br/> দেশের মধ্যে কোন অসজাতি পূর্ণ ঘটনা যেন না ঘটে, সেজন্য সরকার সব সময় সজাগ এবং এজন্য গোয়েন্দা চক্র সব সময় কাজ করে, দেশে শান্তি ফিরিয়ে আনা অবশ্যই জরুরি। তবে তা গুলি করে মুসলিম হত্যা করে নয়!?</p> <p>কেন এতো মুসলিম লোক মুসলিম ভাই কে জুমার দিন হত্যা করেছিলেন। ?</p> <p>একটি মাত্র কোরান বিখরীদের মধ্যে কেউ Quran sarif অসম্মান করাই, এতো কিছু দেশের মধ্যে ( ঢাকা সহ বিভিন্ন জেলায়)ঘটতেছে। কিছু রাউজানে মুসলিমরাই মুসলমানদের হাজার হাজার কোরান sarif, হাদিস sarif, Islamic কিভাবে সহ বিভিন্ন ধরনের ইসলামীক গ্রন্থ রাখার ভবন, kagatia alia gousol azam darbar তরিকত ভবন, সে 2019 এ 26 টির ওপর building, ক্ষমতাসীন কিছু কুচক্রী মহল ভেঙে মাটির সাথে মিলিয়ে দিয়েছিল। এখনো পর্যন্ত কতজনের চাকরি খাচছে এ মহল, তারপর রাউজানের পীর সাহেবের মাজার শরীফে jiaroat ah গেলে, মারধর সহ বিভিন্ন অপরাধ সন্ত্রাসী কার্যকলাপ kor ah, tai জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানাচ্ছি। এবং মাদ্রাসা মসজিদ তরিকত বিষয়ে TNO সহ প্রশাসনিক লোকদের ক্ষমতার অপব্যবহার যেন না করেন, সেজন্য সংশ্লিষ্ট সকলের সুদৃষ্টি কামনা করছি এবং এরপর যদি আর কোন ঘটনা ঘটে তাহলে তাদের সহ পুরো সরকারকে এর শান্তি দুনিয়া এবং আখেরাতে ভোগ করতে হবে। এসব তরিকত ভবন মাদ্রাসা ভবন গুলো সরকার এবং সাধারণ জনগণের অল্প অল্প সহযোগিতাই অনেক পরিপ্রমে এত বড় হয়েছে। কিছু TNo এর বদ নজরে যেন আর ক্ষতি ঘটতে না পারেন সেজন্য সর্বাঙ্গিক সহযোগিতা সরকার পক্ষ হতে কামনা করছি। এতে সরকারের লাভ হবে। এবং বর্তমান tno কে দ্রুত transfer কামনা করছি। যেন রাউজানে সাধারণ জনগণ সহ মুসলিম জনগণ চাঁদাবাজ এবং সন্ত্রাস গুপ হতে রক্ষা পাই। তাই সবসময় RAB এর টহল gohira, 11no union soho, কাগতিয়াই কামনা করছি। এবং Rab ও যেন কোন রকম ঘুষ খেয়ে সন্ত্রাস কার্যকলাপ করতে না পারেন, সেজন্য তাদের পেছনে গোয়েন্দা সিভিল রাখা জরুরি। অনেক জায়গায় ঘুষ খেয়ে সন্ত্রাসদের সুবিধা দিয়ে সাধারণ জনগণদের সাথে Rab এর অসৎ আচরণ করছে তার প্রমাণ পত্রিকা খুললে বুঝতে পারবেন। তাই তাদের ব্যাপারে ও সজাগ এবং সন্ত্রাস ধমনে সকল ধরনের সহযোগিতা করার জন্য মাননীয় প্রধান মন্ত্রী রাষ্ট্রপতি শিক্ষা মন্ত্রী স্বাস্থ্য মন্ত্রী মন্ত্রণা লয়ে আহ্বান জানাচ্ছি।</p> <p>জবাব: আপনার অভিযোগ/আবেদনের বিষয়টি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সংশ্লিষ্ট নয়। অনুগ্রহ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের সাথে যোগাযোগের অনুরোধ করা হলো। আপনাকে ধন্যবাদ।</p> <p><b>৭. (ID- 10727)</b><br/> asslamoalykom</p> <p>দেশের মধ্যে লকডাউন নেই সব কিছু সুন্দর এবং সজ্জিত ভাবে চলতেছে। তারপরও কোন কুচক্রী ব্যবসায়ীক মহল সিভিকিট করে প্রতি নিত্য প্রয়োজনীয় জিনিস পত্রের দাম দিন দিন বাড়িয়ে কোটি কোটি টাকা হাতিয়ে নিচ্ছে। তাই আজ হতে সরকার সজাগ না হলে কিছু খোসারত গুণতে হবে। তাই দ্রুত দ্রব্য মূল্যের উন্নয়ন ঠেকাও এবং সিভিকিট চক্রের মূল হোতাদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে সরকার এবং জনগণের ত্রাত্ব বজায় রাখার আহ্বান জানাচ্ছি। সরকার চাইলেই আজকের মধ্যে তৈল চিনি চাপাতা আটা ময়দা বিস্কুট পিয়াজ লবণ যাবতীয় দ্রব্যের মূল্য বৃদ্ধির মূল হোতাদের ধরতে পারেন এবং সব কিছু মধ্যম সমান্য লাভের মাধ্যমে জনগণের প্রতি দিনের</p> |  |  |
|--|--|--|--|---|--|--|


X

|  |  |  |  |  |  |  |  |
|--|--|--|--|--|--|--|--|
|  |  |  |  |  | <p>চাহিদা পূরণে সহায়তা করবেন।</p> <p>জবাব: আপনার অভিযোগ/আবেদনের বিষয়টি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সংশ্লিষ্ট নয়। অনুগ্রহ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের সাথে যোগাযোগের অনুরোধ করা হলো। আপনাকে ধন্যবাদ।</p> <p><b>৮. (ID- 10733)</b></p> <p>আমাদের একটা গাড়ি যমুনা ব্রিজের আগে একটা রেলিংয়ের সঙ্গে সাইটে রেলিং এর সঙ্গে নিয়ন্ত্রণ হারিয়ে শাড়ি রেলিং এর উপর উঠে যায় সে গাড়ি ওখান থেকে বজবন্ধু হাইওয়ে থানা পশ্চিম পাশে নিষে যাওয়া হয় তারপর তারা সেই ব্রিজ মেরামতের জন্য আমার কাছ থেকে 50000 টাকা অর্থদণ্ড করে কোন কাগজপত্র ছাড়া এখনো গাড়িটি সেখানে আছে আমার গাড়ির কাগজপত্র মেসাদ আছে আমি সরকারকে এর জন্য প্রতিবছর ট্যাক্স দেই এখন সেখানে গাড়িটা আমার অন্যায্য ভাবে আটকায রাখছে। এর জন্য প্রতিবছর আমিটোল দেই ট্যাক্স দেই যদিও এটা গাড়ির অপরাধী হয়ে থাকে তাহলে সেখানে যে কোন পেপার দিয়ে যেকোনো কাগজপত্র দেবে বা মামলা দিবে তা না দিয়ে আমাকে বলে যে roads and highway এর কাজ এটা নগদ পরিশোধ করতে হবে এখনে এর আমি প্রতিকার চাই।</p> <p>জবাব: জনাব, আপনাকে ধন্যবাদ, যমুনা ব্রিজ মেরামতের জন্য নগদ পরিশোধের বিষয়টির সাথে সড়ক ও জনপথ অধিদপ্তর ( Roads and Highways Department) এর কোন সংশ্লিষ্টতা নাই। উপরন্তু, যমুনা ব্রিজটি সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন নয়। এ বিষয়ে সেতু বিভাগ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।</p> <p><b>৯. (ID- 10758)</b></p> <p>asslmoalykom কোন অবস্থাতে যেন গ্যাসের দাম বৃদ্ধি করা না হয় সেজন্য বিশেষ ভাবে অনুরোধ জানাচ্ছি। আমরা কইদিন আগে দেখলাম ভোলাতে আরো তিন খনি গ্যাসের সন্ধান মিলেছে তা যথার্থ। এখন আমাদের দেশের সম্পদ থাকা সত্ত্বেও বিদেশে দিয়ে আমাদের দেশের নাগরিকদের জন্য দাম উর্ধগতি বা বাড়িয়ে দেশের সম্পদ দেশের নাগরিকদের ভোগ করতে না দেওয়া র যে পাইতারা করার চেষ্টা চলতেছে তা যেন না হয়। যদি গ্যাস দাম বৃদ্ধি এবং গ্রাহকদের লাইন না দেন অচিরেই শুল্ক হবে ঘনঘন ভূমিকম্প তা বারবার ঘটবে দেখতে পাবেন। তাই এখন হতে দেশের সকল মধ্যে বিত্ত নাগরিক সহ সারবজনীন জনগণের চাহিদা এবং cng চালিত সকল যানবাহন যথারীতি গ্যাস চাহিদা অনুযায়ী সবাই কে দেওয়া নিশ্চিত করে তারপর বিদেশে (বিক্রি স্বরূপ) দিতে পারবেন। তবে তা আমাদের দেশের সবাই কে দাম বৃদ্ধি ছাড়া দিয়ে ই জনগণের চাহিদা পূরণ করে তারপর। তাই আজ 24 তারিখ প্রকাশিত chittagong দৈনিক porbokon পত্রিকায় যে দাম বৃদ্ধি করার চিন্তা করতছে তা যেন না করেন তারজন্য আজকের মেইল।</p> <p>জবাব: আপনার আবেদনকৃত বিষয়টি এ বিভাগ সংশ্লিষ্ট নয়। অনুগ্রহ করে সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ করার অনুরোধ করা হলো। আপনাকে ধন্যবাদ।</p> <p><b>১০. (ID- 10759)</b></p> <p>সিলেট তামাবিল রোডের জমি অধিকরন কবে হবে?</p> <p>জবাব: জনাব আপনাকে ধন্যবাদ ভূমি অধিগ্রহন ও ইউটিলিটি স্থানান্তর প্রকল্প সাপোর্ট টু ঢাকা (কৌচপুর)-সিলেট মহাসড়ক চার লেনে উন্নীতকরণ ও উভয় পার্শ্বে পৃথক সার্ভিস লেন” নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় সিলেট-তামাবিল সড়কের ভূমি অধিগ্রহণ কাজ চলমান রয়েছে। উক্ত প্রকল্পের আওতায় সিলেট-তামাবিল সড়কে ২০১৫ সালের এল.এ ডিজাইনকে অনুসরণ করে ভূমি অধিগ্রহণ প্রস্তাব জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল করা হয়। কিন্তু প্রকল্পের এলাইনমেন্ট এর নক্সা পরিবর্তন এবং ২০১৫ সালে এস এ নক্সার আলোকে প্রস্তাবকৃত ভূমি বি.এস নক্সায় রূপান্তর কালে</p> |  |  |
|--|--|--|--|--|--|--|--|

X

|  |  |  |  |  |   |  |  |
|--|--|--|--|--|---|--|--|
|  |  |  |  |  | <p>ভূমির পরিমাণ বিভিন্ন মৌজায় কম/বেশী হয়। এছাড়া নতুন উপজেলা গঠিত হওয়ায় ২০১৫ সালের কিছু মৌজা যে উপজেলাতে ছিল বর্তমানে তা অন্য নতুন উপজেলাতে চলে এসেছে। তাই অধিগ্রহণের জন্য সংশোধিত প্রশাসনিক অনুমোদনের প্রয়োজনীয়তা দেখা দেয়। বর্তমানে সংশোধিত প্রশাসনিক অনুমোদনের প্রস্তাব মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। সংশোধিত এলাইনমেন্ট অনুযায়ী সিলেট-ভামাবিল সড়কের ভূমি অধিগ্রহণের প্রস্তাব করা হয়েছে। সংশোধিত প্রশাসনিক অনুমোদন পেলে তা জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হবে।</p> <p><b>১১. (ID- 10772)</b><br/> <b>aslamooalykom</b><br/> আমরা দেখলাম জামেয়া আহমদীয়া সুন্নিয়া মাদ্রাসার সে দিন মিলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উদযাপন এ এসেছেন বিভিন্ন শিক্ষানুরাগী বুদ্ধিজীবী সহ আমাদের দেশের শিক্ষা উপমন্ত্রী, চট্টগ্রাম সিটির MP সহ, মাননীয় সিটি মেয়র যেখানে প্রধান অতিথি ছিলেন পাকিস্তান হতে আগত সে জামেয়া আহমদীয়া সুন্নিয়া মাদ্রাসার প্রতিষ্ঠাতা তৈয়ব শাহ ( রঃ) র বংশধর ও আওলাদে রাসুল সৈয়দ সাবির শাহ। আমাদের মেয়র এবং উপমন্ত্রী সাহেবের উপস্থিতিতে আমরা সবাই সুখ। তবে এখন আমাদের আবেদন হচ্ছে এ স্নানামখ্য দ্বিনী শিক্ষা প্রতিষ্ঠানের পুরাতন ভবনের 101, 209, 311 ভূতীয় তলা পর্যন্ত সমস্ত এরিয়াই টাইলস প্রধান সহ গাছের পুরানো দরজা জানালা গুলো গ্লাসের প্রদান এবং হোটেল খাবার এরিয়া তে টেবিল গুলো উন্নত মানের প্রদান সহ বাথরুম ওয়াশরুম সব গুলো এরিয়া টাইলস দিয়ে যথাযথ মান সম্পন্ন করে বাকি নতুন ভবনের মতো উন্নত করে শান্তি পূর্ণ উপায়ে সকল ছাত্র ছাত্রী যেন যথাযথ সুন্দর মার্জিত সুনিপুণ ভাবে সব কিছু সম্পন্ন করতে পারেন সেজন্য আমাদের সরকার সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাচ্ছি। এবং আমাদের আবেদন বিবেচনা পূর্বক দ্রুত পর্যবেক্ষণ করে আগামী ডিসেম্বর র মধ্যে পুরাতন ভবনকে নতুন ভবনের মতো সুন্দর করে উপহার দেওয়ার জন্য সরকার সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাচ্ছি।</p> <p>জবাব: আপনার আবেদনকৃত বিষয়টি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সংশ্লিষ্ট নয়। অনুগ্রহ করে সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ করুন। আপনাকে ধন্যবাদ।</p> <p><b>১১. (ID- 10773)</b><br/> <b>aslamooalykom</b><br/> <b>about Road and kagatia Bazar Bridge ( repair) :-</b> এখন শীত মৌসুম শুরু হচ্ছে। তাই এ শীত মৌসুমের প্রাথমিক সময়ে রাউজান কাগতিয়ার দক্ষিণ কুল মুক্তিযুদ্ধা শওকত বুল্লি গেইট হতে কাগতিয়া হাজী মৌলানা রুহুল আমিন সড়ক কাগতিয়া মজিদা পাড়া হয়ে মাইজ পাড়া হয়ে কাসেম নগর পর্যন্ত রোড রিপায়ার ঢালাই করার জন্য আমাদের সরকারের কাছে আহ্বান জানাচ্ছি। ( গাউছুল আজম দরবারে সুরিদদের সাথে মোহাম্মদ পুরের বাগডার জের ধরে আমাদের কাগতিয়ার সাধারণ জনগণের চলাচলের রোড রিপায়ার ঢালাই অনেক দিন প্রায় 2 বছর 6 মাস ধরে) করে নাই। অনেকবার আবেদন করেছিলাম সরকারের কাছে দরখাস্ত দিয়ে ছিলাম কিছু কিছু কুচক্রী মহল এর কাজটি (সামান্য 1 মাস লাগবে শুধু রিপায়ার ঢালাই) করতে দেইনি বা বিভিন্ন অজুহাত দেখিয়ে করেননি। তাই আবারও আমাদের সরকারের কাছে আবেদন করতেছি যে, এখন স্কুল কলেজ মাদ্রাসা বিশ্ববিদ্যালয় খুলেছে তাই শিক্ষার্থীদের দৈনন্দিন যাতায়াতের কথা চিন্তা করে, এছাড়া অন্যান্য সমস্যা যেমন রোগী গর্ভবতী মহিলাদের যাতায়াতের কথা ভেবে দ্রুত পূর্বের পিচ ঢালাই রোডে পিচ উঠে গিয়ে যে গর্ত সৃষ্টি হয়েছে তা যেন দ্রুত আগামী ডিসেম্বরের ভেতর কমপিলিট করে জনগণের দীর্ঘ দিন অশান্তি দুর্ভোগ দূরিত্ব করার জন্য সরকার সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাচ্ছি এবং সুদৃষ্টি কামনা করছি।</p> <p><b>about GAS line :</b> এবং কাগতিয়া মাইজ পাড়া পর্যন্ত গ্যাস সংযোগ দেওয়া হয়েছিল। কিন্তু আরো তিনটি পাড়াতে এখনো সংযোগ দেওয়া হয়নি। তারা সে সময় আবেদন করেছিল, কন্সট্রাক্টর এবং কিছু কুচক্রী মহল এ তিনটি পাড়া ই তখন গ্যাস লাইন সংযোগ দেইনি যখন মাইজ</p> |  |  |
|--|--|--|--|--|---|--|--|

|  |  |  |  |  |   |  |  |
|--|--|--|--|--|---|--|--|
|  |  |  |  |  | <p>পাড়া পর্যন্ত গ্যাস সংযোগ দেওয়া হয়েছিল। এখন বাকি তিনটি পাড়া গোলজার পাড়া, কাসেম নগর আজিমার ঘাটেও যেন সামান্য এরিয়া গুলো তে গ্যাস সংযোগ দেওয়া হয় সেজন্য বিশেষ ভাবে অনুরোধ জানাচ্ছি।</p> <p><b>about Biddot pilar:-</b> এবং পাড়ার ভেতর বৈদ্যুতিক পিলার( খুঁটি) গুলো যেন লম্বা স্বাভাবিক গাছের ওপর হয় সেভাবে পরিবর্তন করে দিয়ে বিভিন্ন রকম দুর্ঘটনা হতে পাড়া সমাজের লোকজনকে ঝঁটানোর জন্য সরকার সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাচ্ছি। দেখা যাচ্ছে খুঁটি হতে অনেকের ঘরের ওপর দিয়ে অনেকের বৈদ্যুতিক মিটার লাইন দেওয়া হয়েছিল, তা অনেক সমস্যা এবং বৈদ্যুতিক ইলেকট্রিক শর্ট হওয়ার সম্ভাবনা বেশি। বাড়ি বৃষ্টি তুফান এবং কোন দুর্ঘটনা জনিত আগুন লাগার সময় বৈদ্যুতিক ইলেকট্রিক শর্ট হয়ে, বড় ধরনের সমস্যা ঘটতে পারে তাই অতিসত্তর গোলজার পাড়া আজিমার ঘাট সহ যে সব জায়গায় অন্যর মিটার লাইন ঘরের ওপর দিয়ে নিয়ে গেছে তা যেন সরানো হয়। এবং নতুন খুঁটি হতে লাইন গুলো সংযুক্তি করার সময় ঘরের পারশ্বস্থ হয়ে ঘুরিয়ে লাইন মিটার কর্তৃপক্ষ এবং মালিক উভয়ের জন্য এভাবে নিয়ম করে দেওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ জানাচ্ছি। যা পূর্বে তুলের কারণে ঘটাইছে, তা বিল দেবার সময় যে লোক যাবে তার মাধ্যমে তথ্য নিয়ে বিদ্যুত অফিস কর্তৃপক্ষ নোট করে পাড়া বা এলাকা ভিত্তিক লাইন গুলোর সংযুক্তি মিটার লাইন কিভাবে খুঁটি হতে গেছে তা দেখে, কারো ঘরের ওপর দিয়ে অন্যর মিটার লাইন গেলে তা বৈদ্যুতিক থার (ওয়ার) একটু বৃদ্ধি করে ঘরের পারশ্বস্থ দিয়ে ঘুরিয়ে লাইন সংশোধন করার পরিকল্পনা নেওয়ার জন্য বিদ্যুত মন্ত্রণালয়ে সরকার সংশ্লিষ্ট সকলের সুদৃষ্টি কামনা করছি। এবং ডিসেম্বরের ভেতর কাগতিয়ার সকল বৈদ্যুতিক পূর্বের খুঁটি পরিবর্তন সহ অন্যর ঘরের ওপর দিয়ে মিটার লাইন নিয়ে বা দিয়ে থাকলে তা পরিবর্তন করে, এলাকাকে সুন্দর এবং দুর্ঘটনা মুক্ত করার আহ্বান জানাচ্ছি। আমাদের আবেদন পর্যবেক্ষণ পূর্বক রাউজান নোয়াপাড়া জোনাল অফিসে মাধ্যমে আমাদের আবেদন দ্রুত কার্যকর করে এলাকায় শান্তি ফিরিয়ে দেবার আহ্বান জানাচ্ছি।</p> <p>জবাব: জনাব আপনাকে ধন্যবাদ অভিযোগে উল্লিখিত সড়ক/স্থানটি চট্টগ্রাম সড়ক বিভাগ তথা সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাভুক্ত নয়। উক্ত বিষয়ে "স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম" এর সাথে যোগাযোগ করা যেতে পারে। গ্যাস লাইন সংযোগের বিষয়ে "কর্নফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী, চট্টগ্রাম" এবং বৈদ্যুতিক পিলারের বিষয়ে "বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড" এর সাথে যোগাযোগ করা যেতে পারে।</p> |  |  |
|--|--|--|--|--|---|--|--|

  
 (মোঃ আমিরুল ইসলাম)  
 যুগ্মসচিব

ও  
 অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, জিআরএস  
 ফোন: ০২-২২৩৩৫৫৫১৯